

**বাংলাদেশ কোস্ট গার্ড এর অপারেশনাল কর্মকাণ্ডের সাফল্যের সচিত্র প্রতিবেদন - মে ২০২৫**

১। **সর্বমোট অর্জন।** মে ২০২৫ মাসে ৩,৯৪৬টি অভিযান পরিচালনা করে সর্বমোট টাকা ১৩৫২ কোটি ৯১ লক্ষ ৯৪ হাজার ১৫৬ মূল্যের অবৈধ বিভিন্ন প্রকার মালামাল আটক করা হয় এবং আটককৃত পণ্য আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট হস্তান্তর করা হয়।

২। **চোরাচালান বিরোধী অভিযান।** মে ২০২৫ মাসে মাসে চোরাচালান বিরোধী অভিযানে মোট ৭,৩৫,৮৭,৯৬৬ টাকার বিভিন্ন প্রকার অবৈধ চোরাচালান পণ্য আটক করা হয় এবং আটককৃত পণ্য আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট হস্তান্তর করা হয়।



**পূর্ব জোন (বিসিজি আউটপোস্ট পতেঙ্গা) কর্তৃক আটককৃত অবৈধ বিবিধ ইলেক্ট্রনিক্স চোরাচালান পণ্য**



**দক্ষিণ জোন (বিসিজি স্টেশন লক্ষীপুর) কর্তৃক আটককৃত অবৈধ সিমেন্ট**



**পূর্ব জোন (বিসিজি আউটপোস্ট পতেঙ্গা) কর্তৃক আটককৃত অবৈধ ডিজেল**



**দক্ষিণ জোন (বিসিজি স্টেশন হাতিয়া) কর্তৃক আটককৃত অবৈধ ডিজেল ও ফার্মেস তেল**

সীমিত

৩। **অস্ত্র উদ্ধার অভিযান।** মে ২০২৫ মাসে অবৈধ অস্ত্র উদ্ধার অভিযানে ১৬টি আয়েসাস্ত্র, ১,১০৮ রাউন্ড তাজা গোলা, ২০৪ রাউন্ড ফাঁকা কার্তুজ, ০৬টি হাত বোমা, ১০টি গ্রেনেড, ১০টি গ্রেনেডের ডেটোনেটর, ০৪টি ম্যাগাজিন, ৭৭টি দেশীয় ধারালো অস্ত্র এবং ১২ জন ডাকাতকে আটক করা হয়। আটককৃত ডাকাত ও অন্যান্য অস্ত্রাদি আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট হস্তান্তর করা হয়।



**পশ্চিম জোন (বিসিজি বেইস মোংলা) কর্তৃক আটককৃত অবৈধ অস্ত্র ও ইলেকট্রনিক্স আইটেম**



**দক্ষিণ জোন (বিসিজি স্টেশন হাতিয়া) কর্তৃক আটককৃত অবৈধ অস্ত্র**

৪। **মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অভিযান।** মে ২০২৫ মাসে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অভিযানে ৬,৫০,২৮৮ পিস ইয়াবা, ২,২২১ বোতল বিভিন্ন প্রকার মদ, ০১ কেজি ক্রিস্টাল মেথ আইস, ৫৮ কেজি ৭৯৬ গ্রাম গাঁজা, ৫২ লিটার দেশীয় মদ এবং ২৭ জন মাদক ব্যবসায়ীকে আটক করা হয়। আটককৃত মাদকদ্রব্য ও মাদক ব্যবসায়ীদেরকে আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট হস্তান্তর করা হয়।



**পূর্ব জোন (বিসিজি আউটপোস্ট টেকনাফ) কর্তৃক আটককৃত অবৈধ মাদকদ্রব্য**



**পূর্ব জোন (বিসিজি বেইস চট্টগ্রাম) কর্তৃক আটককৃত অবৈধ মাদকদ্রব্য**



**পূর্ব জোন (বিসিজি স্টেশন টেকনাফ) কর্তৃক আটককৃত অবৈধ মাদকদ্রব্য**



**দক্ষিণ জোন (বিসিজি স্টেশন পাথরঘাটা) কর্তৃক আটককৃত অবৈধ মাদকদ্রব্য**

সীমিত

৫। মৎস্য সম্পদ রক্ষা অভিযান। মে ২০২৫ মাসে মৎস্য সম্পদ রক্ষা অভিযানে মোট ১৩৪৪,৭৫,৭৬,৩৯০ টাকা অর্থমূল্যের মালামাল তন্মধ্যে ৯,৩৪,২৮,৪০০ মিটার কারেন্ট জাল, ৯,৮৫৬ পিস বেহন্দি জাল, ৮,৭১,৮৭,২৩৪ মিটার চরঘেরা/অন্যান্য জাল, ২৭,৫৫০ কেজি ইলিশ/জাটকা, ৮,৭১৬ কেজি জেলি পুশকৃত চিংড়ি, ১২,০৪,৩৮,২৫০ পিস চিংড়ি পোনা, ১,৮০,০০,১৩০ পিস অন্যান্য পোনা, ৩৩,১৫৮ কেজি অন্যান্য মাছ এবং ৭০টি বোট জব্দ করা হয়। জব্দকৃত বোট ও অন্যান্য পণ্য আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট হস্তান্তর করা হয়।



বিসিজি স্টেশন কোকিলমনি



পশ্চিম জোন (বিসিজি স্টেশন কোকিলমনি) কর্তৃক আটককৃত অবৈধ জাল

পূর্ব জোন (বিসিজি স্টেশন ইনানী) কর্তৃক আটককৃত অবৈধ জাল



দক্ষিণ জোন (বিসিজি স্টেশন কালিগঞ্জ) কর্তৃক আটককৃত অবৈধ জাল



ঢাকা জোন (বিসিজি আউটপোস্ট পাটুরিয়া) কর্তৃক আটককৃত অবৈধ জাল

সীমিত

৬। **বনজ সম্পদ ও পরিবেশ রক্ষা অভিযান।** মে ২০২৫ মাসে বনজ ও পরিবেশ রক্ষা অভিযানে অভিযানে ৬,১৭৬ কেজি পলিথিন, ৫৪.৬ কেজি হরিণের মাংস, ০১টি হরিণের মাথা, ০১টি হরিণের চামড়া এবং ৮৭টি হরিণ ধরার ফাঁদ জব্দ করা হয়। আটককৃত মালামাল এবং অপরাধীদের আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট হস্তান্তর করা হয়।



পশ্চিম জোন (বিসিজি আউটপোস্ট নলিয়ান) কর্তৃক আটককৃত হরিণের মাংস, চামড়া, মাথা, পা ও ফাঁদ

ঢাকা জোন (বিসিজি স্টেশন চাঁদপুর) কর্তৃক আটককৃত অবৈধ পলিথিন

৭। **উদ্ধার অভিযান।** মে ২০২৫ মাসে উপকূলীয় অঞ্চলে বাংলাদেশ কোস্ট গার্ড কর্তৃক উদ্ধার অভিযান পরিচালনা করে ৮৪ জন যাত্রী/জেলে জীবিত এবং ০২টি মৃতদেহ উদ্ধার করা হয়। উদ্ধারকৃত যাত্রী/জেলে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট হস্তান্তর করা হয়।



দক্ষিণ জোন (বিসিজি স্টেশন পটুয়াখালী) কর্তৃক উদ্ধারকৃত মৃতদেহ